

স্থানীয় পর্যায়ে বন্যা সতর্কবার্তা প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা

রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে গত শনিবার 'স্থানীয় পর্যায়ে বন্যার সতর্কবার্তা ও প্রচার ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট-এর আওতায় আয়োজিত এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন দুর্ধোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান, এমপি। এতে সভাপতিত্ব করেন দুর্ধোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. মোহসীন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দুর্ধোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক, মো. আতিকুল হক। এছাড়া স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, দুর্ধোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ওডস্কাং, ওখঅউ সহ বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা এই কর্মশালায় অংশ নেন।

প্রকল্পটি উত্তরাঞ্চলের ৩টি বন্যাপ্রবণ জেলা কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুরের ১৯টি উপজেলায় বাস্তবায়ন করা হবে। জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে দুর্ধোগ ব্যবস্থাপনা কমিটিকে প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে বন্যা পূর্ব সতর্কতা ও ঝুঁকি হ্রাসের সক্ষমতা বাড়ানো হবে। এছাড়াও ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন, ডিজিটাল ডিসপ্রে বোর্ডের মাধ্যমে তৎক্ষণাত্ বন্যার তথ্য ও পরামর্শ স্থানীয় পর্যায়ে সাধারণ জনগণের কাছে পৌঁছে দেয়া হবে।

এই প্রকল্পটির মধ্য দিয়ে বন্যাপ্রবণ জনগোষ্ঠীর জীবিকার ক্ষয়ক্ষতি হ্রাসের পাশাপাশি জীবনবাপন এবং খাদ্য নিরাপত্তা উন্নয়নে ভূমিকা রাখবে বলে প্রধান অতিথি তার আশাবাদ ব্যক্ত করেন। টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনের জন্য সবার সম্মিলিত প্রচেষ্টার ওপর তিনি জোর দেন।

কর্মশালায় উপস্থিত ছিলেন প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্টের প্রকল্প সমন্বয়ক নিতাই চন্দ্র দে সরকার, উপপ্রকল্প সমন্বয়ক প্রবীর কুমার দাস ও মো. হাফিজুর রহমান, জওগাউর-এর পক্ষ হতে রায়হানুল হক খান, কান্দি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, নাজমুল আহসান, কান্দি আইটি লিড-বাংলাদেশ, প্রোগ্রাম ম্যানেজার মো. ফখরুল আরেফীন এবং টিমের অন্যান্য সদস্যরা।

সম্পাদক: শ্যামল দত্ত, প্রকাশক: সাবের হোসেন চৌধুরী

কর্ণফুলী মিডিয়া পয়েন্ট, তৃতীয় তলা, ৭০ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, (নিউ সার্কুলার রোড, মালিবাগ),

ঢাকা-১২১৭ ফোন: ৯৩৬০২৮৫, ৮৩৩১০৭৪ ফ্যাক্স: ৯৩৬২৭৩৪, সার্কুলেশন ও বিজ্ঞাপন : ৮৩৩১৮০৬